Bangladesh 50

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

উপজেলা পরিষদ
গোয়াইনঘাট, সিলেট
gowainghat.sylhet.gov.bd

## ৫ম উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট এর ৩৩ (তেত্রিশ) তম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : মোহাম্মদ ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট। |
| তারিখ | : ০৯ ডিসেম্বর ২০২১ খ্রি. |
| সময় | : বেলা ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : উপজেলা পরিষদ মিলনায়তন, গোয়াইনঘাট |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : পরিশিষ্ট- ক |
| সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : পরিশিষ্ট- খ |

সভাপতি সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করেন। সভার কার্যপত্র মোতাবেক এবং উপস্থিত সদস্যগণের আলোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র. | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কার্যবিবরণীর বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং পাঠ শেষে তিনি অনুমোদনের প্রস্তাব করেন। | বিগত সভার কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার গৃহীত সকল সিদ্ধান্তের পর্যালোচনা করেন। পর্যালোচনা শেষে দেখা যায়, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম চলমান ও সন্তোষজনক রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়ন ও সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান |
| ০৩ | কমিটির সুপারিশ সমূহ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | সভায় স্থায়ী কমিটি হতে প্রাপ্ত সুপারিশসমূহ বিস্তারিতভাবে পর্যালোচনা পূর্বক সুপারিশসমূহ যুক্তিযুক্ত হওয়ায় তা বাস্তবায়নে উপস্থিত সকলে একমত পোষণ করেন। ১৭টি স্থায়ী কমিটির সভা নিয়মিতভাবে আহ্বান পূর্বক সুপারিশ সমূহ সভায় উপস্থাপনের বিষয়ে সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিবগণকে অনুরোধ করা হয়। | স্থায়ী কমিটির সভাসমূহ বিধিমোতাবেক আয়োজন পূর্বক প্রয়োজনীয় সুপারিশ সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কমিটির সভাপতি ও সদস্য সচিব |
| ০৪ | নিয়মিত রাজস্ব ব্যয় অনুমোদন | (ক) উপজেলা পরিষদ চেয়ারম্যান এর নভেম্বর/২০২১ খ্রি. মাসের ১০,৬২৫/- টাকার ভ্রমণ ব্যয়, ভাইস চেয়ারম্যানের ৬৫০০/- টাকার ভ্রমণ ব্যয় এবং মহিলা ভাইস চেয়ারম্যান এর ৬৫০০/- টাকার ভ্রমণ ব্যয় ও ভ্রমণ বিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(খ) আপ্যায়ন ব্যয় বাবদ ৬০০০/- টাকা এবং অন্যান্য আনুষাঙ্গিক ব্যয় বাবদ- ৫,০০০/- টাকার বিল ভাউচার অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উপস্থাপিত ভ্রমণ বিবরণী অনুসারে ভ্রমণ ব্যয়, আপ্যায়ন বিল ও অন্যান্য আনুষাঙ্গিক ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ০৫ | বিবিধ | (ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান, ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) গৃহীত স্কিম সমূহ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে শীঘ্রই দরপত্র আহ্বান কমিটির সভা আহ্বান করা হবে। উপজেলা নির্বাহী অফিসার আলোচনায় অংশ নিয়ে বলেন, বাৎসরিক সম্ভাব্য বরাদ্দ বিবেচনায় স্কিম গ্রহণ করা হয়েছে, বরাদ্দের তারতম্যের কারণে অনেক স্কিম বাস্তবায়ন করা সম্ভব নাও হতে পারে। | (ক) ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) স্কিম যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| | | (খ) উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের প্রতিনিধি সভাকে জানান, ২০২২ শিক্ষাবর্ষে শিক্ষার্থীদের বিনামূল্যে বই বিতরণের লক্ষ্যে কিছু বই আসছে এবং অবশিষ্টগুলি শীঘ্রই আসবে। তিনি বলেন, এসকল বই রাখার ক্ষেত্রে উপজেলা সদরে পর্যাপ্ত স্টোর না থাকায় কিছুটা সমস্যা হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসার আলোচনায় অংশ নিয়ে বলেন, বই | (খ) ২০২২ শিক্ষাবর্ষের যথাযথভাবে স্টোর ও বিতরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | শুধুমাত্র উপজেলা সদরে স্টোর না করে দূরবর্তী অন্যান্য এলাকায়ও স্টোর করা যেতে পারে। | | |
| | | (গ) উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভাকে জানান, সমাজসেবা বিভাগ কর্তৃক পরিচালিত স্বেচ্ছাসেবী সংস্থা রোগী কল্যাণ সমিতির দাতা সদস্য বৃদ্ধির লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তিনি আরও জানান, ভিক্ষুক পুনর্বাসনের লক্ষ্যে ০১ (এক) লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে, এছাড়া পূর্বের কিছু বরাদ্দ এখনো বিতরণ করা হয়নি। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন, ভিক্ষুকের তালিকার বাইরে অনেক ভিক্ষুক রয়েছে যাদের পুনর্বাসন করা যেতে পারে। | (গ-১) রোগী কল্যাণ সমিতির দাতা সদস্য বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় প্রচারণার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(গ-২) উপজেলা ভিক্ষুক তালিকা হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার<br><br>উপজেলা সমাজসেবা অফিসার |
| | | (ঘ) জনস্বাস্থ্য বিভাগের প্রতিনিধি সভায় জানান, উপজেলায় বরাদ্দকৃত টিউবওয়েল স্থাপন কার্যক্রম প্রায় ৭০ভাগ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট টিউবওয়েলগুলোর কার্যক্রম শীঘ্রই সমাপ্ত হবে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ আলোচনায় অংশ নিয়ে জানান, টিউবওয়েল স্থাপন কার্যক্রম নিয়ে বেশকিছু অনিয়মের অভিযোগ পাওয়া যাচ্ছে। তিনি এসকল অভিযোগের বিষয়ে সরেজমিন যাচাই পূর্বক ব্যবস্থা গ্রহণের জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কে অনুরোধ জানান। | (ঘ) টিউবওয়েল স্থাপনের বিষয়ে যেসকল অভিযোগ রয়েছে সেগুলির বিষয়ে সরেজমিন তদন্ত পূর্বক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| | | (ঙ) উপজেলা স্বাস্থ্য বিভাগের প্রতিনিধি সভায় জানান, কোভিড-১৯ এর নতুন ভ্যারিয়েন্ট 'ওমিক্রন' বর্তমানে বিশ্বে ব্যাপকভাবে ছড়িয়ে পড়ছে। এর প্রেক্ষিতে বাংলাদেশে এ বিষয়ে করণীয় সম্পর্কে কিছু নির্দেশনা প্রদান করা হয়েছে। তিনি জানান, স্কুলের শিক্ষার্থীদের করোনা ভ্যাকসিন প্রদান করা হবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের প্রতিনিধি আলোচনায় অংশ নিয়ে জানান, ভ্যাকসিন প্রদানের লক্ষ্যে শিক্ষার্থীদের তালিকা প্রণয়ন কার্যক্রম চলমান রয়েছে। | (ঙ-১) করোনা ভাইরাস প্রতিরোধে সকলকে যথাযথ স্বাস্থ্যবিধি প্রতিপালনে প্রয়োজনীয় প্রচারণার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ঙ-২) শিক্ষার্থীদের ভ্যাকসিন প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করা হয়। | সংশ্লিষ্ট সকল<br><br>সংশ্লিষ্ট সকল |
| | | (চ) চেয়ারম্যান, ৪নং লেঙ্গুড়া ইউপি সভায় বলেন, সতি জহির আলীর বাড়ির সামনের ব্রীজের অবস্থা খুবই আশঙ্কাজনক। দ্রুত এই কালভার্ট মেরামত না করা হলে যেকোন সময় দুর্ঘটনা ঘটতে পারে। উপজেলা প্রকৌশলী আলোচনায় অংশ নিয়ে বলেন, উপজেলার ক্ষতিগ্রস্থ ব্রীজ/কালভার্ট চিহ্নিত করে দ্রুত মেরামত করা হবে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন, বিভিন্ন এলাকার বেশ কিছু রাস্তা ও কালভার্ট বর্তমানে ঝুকিপূর্ণ অবস্থায় রয়েছে। | (চ) ঝুঁকিপূর্ণ সকল কালভার্ট/ব্রীজ চিহ্নিত করে দ্রুত সংস্কার করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| | | (ছ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, উপজেলায় পর্যাপ্ত গোডাউন না থাকায় বিভিন্ন মালামাল রাখা কষ্টকর হয়ে পড়ছে। মালামাল সংরক্ষণের জন্য কেন্দ্রিয়ভাবে একটি গোডাউন করা দরকার। উপজেলা নির্বাহী অফিসার আলোচনায় অংশ নিয়ে বলেন, লেঙ্গুড়া ও রাধানগরে যে গোডাউন আছে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসার, উপজেলা প্রকৌশলী ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কে সমন্বিতভাবে মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলেও অদ্যাবধি এ বিষয়ে কোন অগ্রগতি পরিলক্ষিত হয়নি। তিনি বলেন, এগুলো সংস্কার করে ব্যবহার উপযোগি করা হলে মালামাল সংরক্ষণে সুবিধা হবে। | (ছ) রাধানগর ও লেঙ্গুড়ার গোডাউন সরেজমিন পরিদর্শন পূর্বক বর্তমান অবস্থা ও পরবর্তীতে করণীয় বিষয়ে প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার উপজেলা প্রকৌশলী ও খাদ্য নিয়ন্ত্রক |
| | | (জ) উপজেলা প্রকৌশলী সভায় জানান, উপজেলা প্রশাসনিক ভবনের পানির পাম্প মেরামত ও গোয়াইন ভবনের পানির পাম্প মেরামত বাবদ ৫৪৫০/- টাকা ব্যয় হয়েছে। তিনি এ ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের লক্ষ্যে সভায় প্রস্তাব করেন। | (জ) উপজেলা প্রশাসনিক ভবনের পানির পাম্প মেরামত ও গোয়াইন ভবনের পানির পাম্প মেরামত বাবদ ৫৪৫০/- টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে ও নিয়মিত সভায় **যথাসময়ে** উপস্থিত থাকার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

05/01/22 ইং

(মোহাম্মদ ফারুক আহমদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
গোয়াইনঘাট, সিলেট।
uzpgowainghat.sylhet@gmail.com

স্মারক নং : ০৫.৪৬.৯১৪১.০০০.৪৭.০১২.১৯. ২১ — তারিখ : ০৫-০১-২০২২ খ্রি.।

০০-০১। মাননীয় সংসদ সদস্য, ২৩২- সিলেট- ৪ ও মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০০-০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০০-০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০০-০৪। জেলা প্রশাসক, সিলেট।
০০-০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
০০-০৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।
০০-০৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।
০৮-২২। উপজেলা ..................................................কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), গোয়াইনঘাট, সিলেট।
০০-২৩। অফিসার ইনচার্জ, গোয়াইনঘাট থানা, সিলেট।
২৪-৩৪। চেয়ারম্যান/প্রশাসক.......................................... ইউ/পি (সকল), গোয়াইনঘাট, সিলেট।
৩৫-৪০। জনাব..........................................................গোয়াইনঘাট, সিলেট।

05/01/22

(তাহমিলুর রহমান)
পরিচিতি নং- ১৭৩৮২
উপজেলা নির্বাহী অফিসার
গোয়াইনঘাট, সিলেট।
ফোন- ০৮২২৮৫৬০০১।
unogowainghatsyl@gmail.com